মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১৬

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ১৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৪, সিআর মামলার ৫ ও নিয়মিত মামলার ১ আসামি, মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ২ ও চুরির মামলার ২ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলার ২ আসামি গ্রেফতার করেছেন।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতভর ও আজ বুধবার (২০ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

আজ বুধবার (২০ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ দুই মাদক কারবারি আটক

৭৮ পিচ ইয়াবা, একটি মোটরসাইকেল ও দুটি মোবাইল ফোনসহ ২ মাদক কারবারিকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্প।

আটককৃতরা হলেন মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামের ইউনুস আলী বিশ্বাসের ছেলে রিন্টু বিশ্বাস (৩৫) ও একই গ্রামের মৃত আব্বাছ আলীর ছেলে সাইদ আহম্দে (৩৩)। তাদের কাছ থেকে ৭৮ পিচ ইয়াবা একটি টিভিএস মোটরসাইকেল ও দুইটি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।

আজ বুধবার (২০ সেপ্টেম্বর) সকালের দিকে গাংনী-আমঝুপি রাস্তার পাঙ্গাসীপাড়া নামক গ্রামে অভিযান চালিয়ে ইয়াবাসহ এই দুই মাদক ব্যবসায়ীকে আটক করে র্যাব।

র্যাব-১২ সিপিসি-৩ গাংনী ক্যাম্পের কমান্ডার সহকারি পুলিশ সুপার মো: মনিরুজ্জামান বলেন, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে পাঙ্গাসপাড়া গ্রামের পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে ইয়াবাসহ ওই দুজন মাদক কারববারিকে আটক করা হয়।

আটকদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর সরকারি কলেজে পাবলিক পরীক্ষার সাথে চলছে অভ্যন্তরিণ পরীক্ষা

মেহেরপুর সরকারি কলেজে জারিকরা ১৪৪ ধারা ভেঙ্গে পাবলিক পরীক্ষার সাথে নিচ্ছেন এইচএসসি পরীক্ষা। তবে অধ্যক্ষ বলেছেন, শুধু এই কলেজ নয় দেশের বড় বড় কলেজেও বোর্ড পরীক্ষার সাথে তাদের ইন্টারন্যাল পরীক্ষা নেওয়া হচ্ছে।

মেহেরপুর সরকারি কলেজে গিয়ে দেখা গেছে সারা দেশের ন্যায় এই কলেজটিতেও চলছে এইচএসসি (পাবলিক) পরীক্ষা। তবে, পাবলিক পরীক্ষার পাশাপাাশি একই সময়ে চলছে এইসএসসির বাৎসরিক পরীক্ষা ও। কলেজের একাডেমিক ভবনে চলছে পাবলিক পরীক্ষা এবং পুরাতন ভবনে চলছে বাৎসরিক পরীক্ষা।

একটি সূত্র জানিয়েছেন, কলেজের অধ্যক্ষ শফিউল ইসলাম সর্দার

এলপিআরে যাবেন। এজন্যই তড়িঘড়ি করে এই পাবলিক পরীক্ষার মধ্যেই কলেজের পরীক্ষা নিয়ে নিচ্ছেন। কলেজের পরীক্ষা নেওয়াতে ছাত্র ছাত্রীদের কাছ থেকে মোটা অংকের টাকা উঠবে। সেটা পকেটস্থ করতেই এই পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

মেহেরপুর সরকারি কলেজের এইচএসসি পরীক্ষা কমিটির সদস্য নাহিদ আন্দালিব জানান, এখন পাবলিক পরীক্ষার্থী কম রয়েছে। পরীক্ষার কারনে শিক্ষার্থীদের পরীক্ষার সময় দেরি হয়ে যাচ্ছে। তাই কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়ে পাবলিক পরীক্ষা ও ইন্টারন্যাল পরীক্ষা এক সাথে গ্রহণ করা হচ্ছে। ১৪৪ ধারা ভেঙ্গে এক সাথে পরীক্ষা নেওয়া যায় কিনা এমন প্রশ্নের উত্তর দেননি তিনি।

গাংনী সরকারি ডিগি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহা: মনিরুল ইসলাম বলেন, পাবলিক পরীক্ষা চলাকালিন সময়ে প্রশাসনের পক্ষ থেকে কলেজের চারপাশে ১৪৪ ধারা জারি করে থাকেন। এর মধ্যে কোনোভাবে ইন্টারন্যাল পরীক্ষা নেওয়া মানে ১৪৪ ধারা ভঙ্গ করা।

কলেজের অধ্যক্ষ শফিউল ইসলাম সর্দার বলেন, কলেজে অনেক বিল্ডিং আছে। সেখানে পরীক্ষা নেওয়া হচ্ছে। অন্যান্য বড় কলেজগুলোতেও একই সাথে পরীক্ষা নেওয়া হয়ে থাকে। ১৪৪ ধারা ভঙ্গ হচ্ছে কিনা এমন প্রশ্নের উত্তর এড়িয়ে গেছেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসান বলেন, পাবলিক পরীক্ষার সাথে ইন্টারন্যাল পরীক্ষা চলছে কিনা আমার জানা নেই। এ ধরনের পরীক্ষা নিলে সেটা ক্ষতিয়ে দেখা হবে।

গাংনীতে মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভার আয়োজন করা হয়েছে।

উক্ত পরামর্শ সভা পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান।

এ সময় চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারন রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ

মেহেরপুর গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে সংস্থার প্রশিক্ষণ খামারে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে সংস্থাটি।
উত্তম ব্যবস্থাপনায় অফ-ফ্লেভার মুক্ত পাঙ্গাস ও তেলাপিয়া মাছ চাষ প্রদর্শনীর জন্য তেরাইল, জোড়পুকুরিয়া ও কাষ্টাদহ গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে পাঙ্গাস ও তেলাপিয়া মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মেহেরপুরে আইনজীবী ছাড়াই বিনা খরচে জামিন পেলেন এক ব্যক্তি

আইনজীবী নিয়োগ করা ছাড়াই নিজের মৌখিক আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত থেকে জামিন পেলেন এক ব্যক্তি।

আজ মঙ্গলবার দুপুরে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ্ এ আদেশ দেন। আদালত তাকে নিজ জিম্মায় মামলার পরবর্তী তারিখে আদালতে উপস্থিত হওয়ার শর্তে জামিনে মুক্তি প্রদান করেন।

আদালত সূত্রে জানা গেছে, গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস সহায়ক মোছাঃ রোজিফা খাতুন বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যাক্তিদের বিরুদ্ধে ১১ নভেম্বর, ২০২২ খ্রি তারিখে জি,আর ২৭৯/২২নং মামলা দায়ের করেন। অজ্ঞাতনামা আসামিরা তার ভাইয়ের বাসা থেকে গহনা ও অন্যান্য মূল্যবান মালামাল চুরি করেছে মর্মে এজাহারে উল্লেখ করা হয়। সেই মামলায় সন্দেহভাজন আসামি হিসেবে তাকে সহ মোট নয় জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়।

পরবর্তীতে সকল আসামি বিভিন্ন মেয়াদে জেলে থাকার পর জামিনে মুক্তি লাভ করলেও মামলার ধার্য তারিখে অনুপস্থিত থাকায় আসামি শিমুল আহমেদের বিরুদ্ধে পুনরায় প্রেপ্তারী পরোয়ানা জারি করা হয়। পুলিশ তাকে গ্রেপ্তার করে আদালতে উপস্থাপন করলেও আইনজীবী নিয়োগ করার মতো কেউ না থাকায় পুনরায় প্রায় দেড় মাস তিনি জেল হাজতে ছিলেন।

মামলাটি শুনানির জন্য ডাকা হলে আসামি তার কোনো আইনজীবী নেই এবং আইনজীবী নিয়োগ করার মতো কেউ নেই উল্লেখ করেন। আদালত তখন তাকে নিজেই তার বক্তব্য উপস্থাপনের জন্য বলেন।

এসময় অভিযুক্ত নিজেই শুনানি করেন এবং আইনজীবী নিয়োগ করার মতো তার পরিবারে কেউ নেই বলে জানিয়ে নিজেই মৌখিকভাবে জামিনের প্রার্থনা করেন। দুই মেয়াদে তিনি প্রায় ৩ মাস হাজতে আছেন বলেও উল্লেখ করেন। পরে দীর্ঘ হাজতবাস এবং মামলার গুনাগুন বিবেচনায় আদালত তাকে নিজ জিম্মায় পরবর্তী ধার্য তারিখ পর্যন্ত জামিন

গাংনী ও মুজিবনগরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ ও চুরির অভিযোগে ১ জন গ্রেফতার হয়েছে। এছাড়া গাংনী থানা পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতে পুলিশের পৃথক পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে কোন হাসপাতালেই নেই এন্টিভেনম

আজ ১৯ সেপ্টেম্বর। সাপে কাটা সচেতনতা দিবস। প্রতিনিত সাপে কেটে মানুষ হাসপাতালে ভর্তি হয়। সাপে কাটা রোগীর চিকিৎসায় এন্টিভেনম ইনজেকশন অন্যতম। এন্টিভেনম প্রয়োগের ফলে অনেক সাপে কাটা রোগী

সুস্থ হয়ে বাড়ি ফিরছেন। অনেকে কুসংস্কারের প্রভাবে পড়ে ওঝাদের কাছে চিকিৎসা নিতে গিয়ে জীবন সংশয়ে পরেন, এমনকি প্রাণও হারাচ্ছেন। ফলে হাসপাতাল গুলো পর্যাপ্ত পরিমাণে এন্টিভেনম থাকলে সাপে কাটা রোগীরা চিকিৎসা সুবিধা পাবেন। কিন্তু এন্টিভেনমের অভাবে অনেকে চিকিৎসা নিতে পারেন না।

মেহেরপুর জেনারেল হাসপাতালে এক সপ্তাহ ধরে এবং গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও দীর্ঘদিন ধরে এন্টিভেনম নেই। ফলে সাপে কাটা রোগীরা এন্টিভেনম না পেয়ে ফিরে যাচ্ছেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জামির মো: হাসিবুস সাত্তার বলেন, সপ্তাহখানেক আগে হাসপাতালে এন্টিভেনম শেষ হয়েছে। চাহিদা পত্র পাঠানো হয়েছে আশা করছি অল্প কিছুদিনের মধ্যে সঙ্কট দূর হবে।

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আবাসিক মেডিক্যাল অফিসার তৌফিক আহমেদ জানান, গত জুন মাসে এন্টিভেনম শেষ হয়েছে। জুলাই মাসে চাহিদা পত্র পাঠানো হয়েছে। কিন্তু এখনো পাওয়া যায়নি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপার দবির উদ্দিন বলেন, ৬ মাস আগে এন্টিভেনম শেষ হয়েছে। তিন বার লিখিত চাহিদাপত্র দেওয়া হয়েছে। এছাড়া প্রতিমাসে সিভিল সার্জন অফিসের মিটিংয়ে চাহিদার কথা মনে করিয়ে দেওয়া হয়। এখনো পাওয়া যায়নি।

রাজনৈতিক দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধ মিথ্যাচার করছে একটি মহল – এম এ খালেক

রাজনীতির দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে একটি মহল। সামনে নির্বাচনকে কেন্দ্র করে আমার জনপ্রিয়তা নষ্ট করার পাঁয়তারা করছে মহলটি। আমার বিরুদ্ধে কারা কারা ষড়যন্ত্র করছে আমি তা জেনে ফেলেছি। আমি ওইসব ষড়যন্ত্রকারীদের রুখে দিয়ে সামনে এগিয়ে

যাব, এমনটাই বলছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

গতকাল সোমবার বিকেলে তিনি তার নবনির্মিত মাছের খাবার তৈরি কারখানায় এক প্রতিবাদ সভায় তিনি এসব কথা বলেন।

এমে খালেক বলেন, ফেসবুক পেইজে ফেক আইডিতে ষড়যন্ত্রমূলক অপপ্রচার ছড়িয়ে দিয়ে আমার বিরুদ্ধে বলানো হচ্ছে। গাংনী পৌর সভার ৯ নম্বর ওয়ার্ডের তার নিজস্ব দুই বিঘা জমিতে মাছের খামার ফ্যাক্টরি নির্মান কাজের স্থান পরিদর্শন কালে তিনি জমি নিয়ে চযালেন্জ করেন। তিনি বলেন,যদি একটুকরো জমি সরকারের বা অন্য মালিকের প্রমান করতে পারেন তবে, আমি রাজনীতি ছেড়ে দেব।

এসময় গাংনী পৌ আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু,সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির হোসেন,গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, শ্রমিক নেতা মনিরুল ইসলাম মনি,জেলা ছাত্র লীগের সাবেক সহ সভাপতি শাহাদুজ্জামান শিপুসহ আওয়ামীগ,ছাত্র লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক তার দুই বিঘা জমির ওপর একটি মাছের খাদ্য উৎপাদন কারখানা মির্মাণ করছেন। রেজিষ্ট্রেশন সহ নানা রকম সরকারের নিয়ম মেনে বছর খানেক আগে কাজ শুরু হয়। বিম ঢালায় পর্যন্ত কাজ চলমান। এসময় তার পাশের একটি জমি মালিকের অনুমোদিত সাপেক্ষে লিজ নিয়ে সমান করছিল। এসময় গাংনী পৌরসভার ৯ মম্বর ওয়ার্ড কাউন্সিলে রাশিদুল ইসলাম খোকন গিয়ে এমএ খালেকের স্কেবিটর চালকে মারধর করে। পরে গাংনী পৌরসভা মেয়র আহম্মেদ আলীকে বিচার করার অমুরোধ জানালে মেয়র আহম্মেদ আলী বিচার করেনি। পরে আইনের আশ্রয় নেয় স্কেবিটর চালক।

এদিকে রাশিদুল ইসলাম খোকন এমএ খালেক কে নিয়ে ফেসবুকে ভূমিদস্যু আখ্যায়িত করে মান হানিকর মনগড়া নামা মন্তব্য লিখে এমএ খালেকের মামহানি করা হয়। এতে ক্ষিপ্ত হয়ে ওঠে আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মীরা। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় প্রতিবাদ জানানো হয়।

অন্যদিকে শ্রমিক মির্যাতনের বিচার চেয়ে ব্রিফিং করেন গাংমী শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির উদ্দিন ও মনিরুল ইসলাম মনি।

মেহেরপুরের নতুন দরবেশপুরে মোটরসাইকেল দুর্ঘটনায় নারীর মৃত্যু

মেহেরপুর সদরের নতুন দরবেশপুরে সড়ক দুর্ঘটনায় এশিয়া খাতুন (৩৭) নামের এক মধ্যবয়সী নারীর মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার দুপুর আনুমানিক ৩ টার দিকে মোটরসাইকেল দুর্ঘটনায় তার মৃত্যু হয়। এশিয়া খাতুন মেহেরপুর সদরের কলাইডাঙ্গা গ্রামের কামরুল ইসলামের স্ত্রী।

জানা যায়, এশিয়া খাতুন নতুন দরবেশপুর থেকে মুরগি কিনে ছেলে ইয়ামিনের মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিলো। পথিমধ্যে নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অদূরবর্তী সালেকীন মিয়ার বাড়ীর সামনে পৌছুলে ছাগল বাঁচাতে গিয়ে দুর্ঘটনা কবলিত হয়। সেখানেই রাস্তার উপর ছিটকে পড়ে মাথায় আঘাতপ্রাপ্ত হন এশিয়া খাতুন। স্থানীয়রা মারাত্মক জখম অবস্থায় তাকে উদ্ধার করে ফায়ার সার্ভিসে খবর দিলে দমকল বাহিনীর কর্মীরা তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানকার কর্তব্যরত চিকিৎসকেরা প্রাথমিক চিকিৎসা শেষে তাকে রাজশাহীতে রেফার্ড করে। রাজশাহী নেওয়ার পথে হাসপাতালের অদুরবর্তী ওয়াপদা মোড়ে পৌছুলে এশিয়া খাতুন মৃত্যু বরণ করেন।

বারাদী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই রেজাউল করিম ঘটনার সত্যতা নিশ্চিত করেন। পরে রাত সাড়ে ১০ টায় তার লাশ গ্রাম্য কবরস্থানে দাফন করা হয়। এশিয়া খাতুন দুই পুত্র সন্তানের জননী ছিলেন।